54

আজকের কাগজ

তারিখ 2 4 SEP 1996
পৃষ্ঠা ৭ কলাম ৫

## ছাত্রদল নেতা ছুরিকাহত

# ক্যাম্পাস আবার উত্তপ্ত

**কাগজ প্রতিবেদক :** ছাত্রদল নেতা শিশিরকে মারাত্মকভাবে ছুরিকাঘাত করার মধ্যদিয়ে নতুন করে উত্তপ্ত হয়ে উঠেছে ঢাকা বিশ্ববিদ্যালয়। ঢাবি ভিসি নির্বাচন পরিস্থিতিতে দর্শন শেষবর্ষের ছাত্র শিশির (২৪)কে দলীয় কোন্দলের কারণে গতকাল ছুরিকাঘাত করা হয়েছে বলে ক্যাম্পাস সূত্রে জানা গেছে। ধারণা করা হচ্ছে, চাঁদার টাকা ভাগ-বাটোয়ারা করা নিয়ে বিরোধের জের হিসেবে ছাত্রদল ক্যাডাররা শিশিরকে আক্রমণ করে। আহত শিশিরের জবানবন্দি অনুসারে গোয়েন্দা পুলিশ ২ জন ছাত্রদল কর্মিকে জিগাতলা থেকে গ্রেফতার করেছে।

এদিকে ভারপ্রাপ্ত ভিসি অধ্যাপক শহীদ উদ্দীন আহমদ-এর তত্ত্বাবধানে ৩০ জন ছাত্রদল নেতাকর্মিকে গতকাল মুহসীন হল ও এফ রহমান হলে তাদের বৈধ সিটে পুনর্বাসিত করা হয়েছে। বিকেলে শিশিরকে ছুরিকাঘাত করার পর ব্যাপক সহিংসতার আশংকায় পুরো ক্যাম্পাস ও বিশ্ববিদ্যালয়ের হলগুলোতে ব্যাপক সংখ্যক পুলিশ অবস্থান গ্রহণ করে। গতরাত পর্যন্ত ১৪ প্লাটুন পুলিশ সেখানে মোতায়েন করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ে এখন থমথমে পরিস্থিতি বিরাজ করছে।

প্রত্যক্ষদর্শী জানায়, গতকাল সন্ধ্যা ৬টায় ছাত্রদল মুহসীন হল কমিটির যুগ্ম সম্পাদক শিশির তার বন্ধুদের নিয়ে আইবিএম ভবনে তাস খেলছিলেন। এ সময় সাবেক ছাত্রদল নেতা মনা ও তার সহযোগী একজন শিশিরকে পাশের একটি সেডে নিয়ে যায়। সেখানে আরো কয়েকজন যুবক আগে থেকেই ওঁৎ পেতে ছিলো। শিশিরের বিরুদ্ধ গ্রুপটি তাকে ছুরি, চাইনিজ কুড়াল, চাপাতি দিয়ে বেশ কয়েকবার আঘাত করে। এরপর আক্রমণকারিরা মোটরসাইকেলে করে দ্রুত পালিয়ে যায়।

ঢাকা মেডিক্যাল ও পুলিশ সূত্র জানায়, মারাত্মক আহত অবস্থায় শিশিরকে জরুরি বিভাগে ভর্তি করা হয়েছে। তার অবস্থা আশংকাজনক। ধারালো অস্ত্রের আঘাতে তার হাত, মাথার পেছনসহ শরীরের বিভিন্ন অংশ গভীরভাবে কেটে গেছে। তার শরীরের বেশ কয়েকটি স্থানে ইতিমধ্যে অস্ত্রোপচার করা হয়েছে।

গোয়েন্দা পুলিশ পোস্ট অপারেটিভ রুমে আহত শিশিরের একটি লিখিত জবানবন্দি গ্রহণ করেছে। তার ভাষ্য অনুযায়ী, অভ্যন্তরীণ কলহের জের হিসেবে ঈমন গ্রুপের সুমন, শৈবাল, মনাসহ মোট ৬ জন তাকে আক্রমণ করেছিলো।

গোয়েন্দা পুলিশ জানায়, শিশিরের জবানবন্দি অনুসারে গতরাতেই জিগাতলা থেকে ঈমন গ্রুপের ঈমন ও হারুন-অর-রশিদ নামে ২ জনকে গ্রেফতার করা হয়েছে।

এদিকে ইউএনবি জানায়, ক্ষমতাসীন আওয়ামী লীগ সমর্থিত ছাত্রলীগ (শা-পা) হল থেকে বহিষ্কার করে দেয়ার এক মাস পর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গতকাল মুহসীন ও এফ রহমান হলে ছাত্রদল কর্মিদের পুনর্বাসিত করেছে। এ সময় ভারপ্রাপ্ত ভিসিসহ প্রক্টর নূরুন্নবী, প্রভোস্ট, ছাত্রনেতা ও সাংবাদিকরা উপস্থিত ছিলেন।